

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৪৩

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৮৪. চামড়ার মোজাদ্বয়ের উপর মাসহ করা।

بَابِ مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّتَنَا وَكِيعٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ هَمَّامِ بْنِ الْحَارِثِ، قَالَ بَالَ جَرِيلُ بْنُ عَبْدِ اللَّهِ ثُمَّ تَوَضَّاً وَمَسَحَ عَلَى خُفَّيْهِ فَقِيلَ لَهُ أَتَفْعَلُ هَذَا قَالَ وَمَا يَمْنَعُنِي وَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - يَفْعَلُهُ . قَالَ إِبْرَاهِيمُ كَانَ يُعْجِبُهُمْ حَدِيثُ جَرِيرٍ لأَنَّ إِسْلاَمَهُ كَانَ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ .

বাংলা

১/৫৪৩। হাম্মাম ইবনুল হারিস (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জারীর ইবনু আবদুল্লাহ (রাঃ) পেশাব করার পর উযূ (ওজু/অজু/অযু) করলেন এবং তার চামড়ার মোজাদ্বয়ের উপর মাসহ(মাসেহ) করলেন। তাকে বলা হল, আপনিও কি এরূপ করেন? তিনি বলেন, আমাকে কোন্ জিনিস তাতে বাধা দিবে? অথচ আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে এরূপ করতে দেখেছি। ইব্রাহীম (রহঃ) বলেন, জারীর -এর হাদীস শুনে লোকেরা বিস্মিত হতো। কারণ তিনি সূরাহ আল-মায়িদাহ নাযিল হওয়ার পর ইসলাম গ্রহণ করেছেন।

English

It was narrated that Hammam bin Harith said:

"Jarir bin 'Abdullah urinated, then he performed ablution and wiped over his leather socks. Someone asked him: 'Do you do this?' He said: 'Why shouldn't I? I saw the Messenger of Allah doing this.'" Ibrahim (who narrated it from Hammam) said: "They were pleased by the Hadith of Jarir because he accepted Islam after the revelation of Ma'idah."

ফটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৩৮৭, মুসলিম ২৭২, তিরমিযী ৯৩-৯৪, ৬১১; নাসায়ী ১১৮, আবূ দাউদ ১৫৪,



আহমাদ ১৮৬৮৭, ১৮৭১৯, ১৮৭৩৬।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৯৯, সহীহ্ আবূ দাউদ ১৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু হারিস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন